

৪ দিন
৩৬

৩৩

৪

চাঁদপুরে ৬৭ উচ্চ বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক নেই ॥ অভিজ্ঞ শিক্ষকেরও তীব্র সংকট

॥ চাঁদপুর সংবাদদাতা ॥

চাঁদপুর জেলায় ৬৭টি উচ্চ বিদ্যালয়ে দীর্ঘ কয়েক বছর যাবৎ প্রধান শিক্ষক নেই। আবার দু'এক মাসের মধ্যেই ৩৪ জন শিক্ষক অবসর গ্রহণ করতে যাচ্ছেন। প্রধান শিক্ষক সংকটের কারণে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রশাসনিক কর্মকাণ্ড গুরুত্বপূর্ণ শিক্ষাস্তম্ভসহ শিক্ষা ব্যবহারে মারাত্মক সমস্যার সৃষ্টি হচ্ছে।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এ জেলার ৮টি উপজেলায় ২৭২টি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। চাঁদপুর সদরে ৪৭টি, হাজীগঞ্জে ৩২টি, ফরিদগঞ্জে ৪৭টি, মতলব দক্ষিণে ২৬টি, মতলব উত্তরে ৩৯টি, হাইমচরে ১১টি, কচুয়ায় ২৯টি এবং শাহরাস্তি উপজেলায় ৩১টি বিদ্যালয় রয়েছে।

এ বিদ্যালয়গুলোর মধ্যে চাঁদ-

পুর সদরে ১২টি, হাজীগঞ্জে ১০টি, ফরিদগঞ্জে ১৩টি, মতলব দক্ষিণে ৮টি, মতলব উত্তরে ৭টি হাইমচরে ৪টি, কচুয়ায় ৮টি, শাহরাস্তিতে ৫টিসহ মোট ৬৭টি উচ্চ বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ প্রধান শিক্ষক নেই। এছাড়া আগামী দু' মাসের মধ্যে আরও ৪৫ জন প্রধান শিক্ষক এবং আগামী বছরের জুন মাসের মধ্যে আরও ৩০ জন প্রধান শিক্ষক চাকরি থেকে অবসর নেবেন বলে জানা গেছে। এছাড়া বিষয় ভিত্তিক শিক্ষক বিশেষ করে ইংরেজি, অংক, পদার্থ, রসায়ন, বাংলার অভিজ্ঞ শিক্ষকের তীব্র সংকট দেখা দিয়েছে।

আর যে ক'জন বিষয় ভিত্তিক শিক্ষক রয়েছেন তাদেরও আবার প্রাইভেট ভাষণ ব্যস্ত থাকেন তাদের বাসা বাড়ি

সেন্টারে ৩৪টি ব্যাচে ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষা দান করে ক্লাস্ট দেহে শ্রেণী কক্ষে গিয়ে ছাত্র-ছাত্রীদের পড়াবার আর মন নানসিকতা থাকে না। এতে করে ছাত্র-ছাত্রীরা পরীক্ষায় এসব বিষয়ে যথেষ্ট প্রতিফলন ঘটাতে পারে না। এ ব্যাপারে ক'জন প্রধান শিক্ষকের মাঝে আলাপ করলে তারা জানান, বিষয় ভিত্তিক অভিজ্ঞ শিক্ষক চেয়ে বার বার পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া সত্ত্বেও প্রয়োজনীয় অভিজ্ঞ শিক্ষক পাওয়া যাচ্ছে না।
